

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ১২, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

পরিবেশ অধিশাখা-২

প্রজ্ঞাপন

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪২৪ বঃ/২১ নভেম্বর ২০১৭ খ্রি.

নং ২২.০০.০০০০.০৭৩.৩৭.০০২.২০১৫-৩০৩—জীবনিরাপত্তা সংক্রান্ত ন্যাশনাল কমিটি অন বায়োসেফটি (এনসিবি)-এর ৯ম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউট কর্তৃক USA এর Arcadia Bioscience Inc. হতে লবণাক্ততা সহিষ্ণু ট্রান্সজেনিক IR64 ধানের বীজ আমদানি করে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে কনটেইন্ড পরীক্ষণ পরিচালনার লক্ষ্যে অনুমোদন প্রদান করা হল :

- (ক) বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউট কর্তৃক USA এর Arcadia Bioscience Inc. হতে লবণাক্ততা সহিষ্ণু ট্রান্সজেনিক IR64 ধানের বীজ আমদানির ক্ষেত্রে বায়োসেফটি গাইডলাইন্স অব বাংলাদেশ এবং কার্টাগেনা প্রটোকল অন বায়োসেফটি অনুযায়ী ট্রান্সবায়োলজি মুভমেন্ট এবং হ্যাণ্ডলিং কার্যক্রম সম্পন্ন করতে হবে;
- (খ) লবণাক্ততা সহিষ্ণু ট্রান্সজেনিক IR64 ধানের বীজের উপর গবেষণা পরিচালনার ক্ষেত্রে আমদানি থেকে শুরু করে কনটেন্ড পরীক্ষণ পরিচালনা কোন্ কোন্ পর্যায়ে কী কী পদক্ষেপ গ্রহণের মাধ্যমে সম্পন্ন হবে এবং প্রতিটি ধাপে কী কী বায়োসেফটি মেজারস্ গৃহীত হবে এবং তার মনিটরিং পদ্ধতির একটি রূপরেখা এনসিবি এবং বিসিসি-কে অবহিত করতে হবে;

(১৭৮০৫)

মূল্য : টাকা ৪.০০

- (গ) আবদ্ধ পরীক্ষণ চলাকালীন বায়োসেফটি মেজারস-এর পুঞ্জানুপুঞ্জ বিবরণসহ প্রতি ১৫ দিন অন্তর এনসিবি এবং বিসিসি বরাবরে প্রতিবেদন দাখিল করতে হবে;
- (ঘ) পরীক্ষণাধীন অবস্থায় লবণাক্ততা সহিষ্ণু ট্রান্সজেনিক IR64 ধানের বীজ এবং এর কোনো ট্রান্সজেনিক বৈশিষ্ট্য যদি পরিবেশে ছড়িয়ে পড়ে সে ক্ষেত্রে যে কোনো বিরূপ প্রভাবের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে এর দায়-দায়িত্ব বহন করতে হবে এবং এক্ষেত্রে প্রচলিত আইনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে শাস্তিমূলক/ক্ষতিপূরণমূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে;
- (ঙ) পরীক্ষণটি শুধু আবদ্ধ অবস্থায় কনটেইন্ড গ্রীণ হাউজে সম্পন্ন করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খোরশেদা ইয়াসমীন

উপসচিব।